

একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ
মোকাবিলায় শিক্ষা খাতে
উন্নয়ন প্রয়োজন **অর্থমন্ত্রী**

মুন্সীগঞ্জ জেলা সবেদনদাতা ও অর্থ ও পরিকল্পনা মন্ত্রী এম সাইফুর রহমান বলেন: একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলা করতে হলে শিক্ষা খাতে উন্নতি মূল ভিত্তি হবে। তিনি বলেন: অর্থনৈতিক উন্নতি ঘটাতে হলে প্রতিটি নাগরিককে ৭-এর ৭ঃ ৩-এর কঃ দেখুন

অর্থমন্ত্রী প্রথম পৃষ্ঠার পর শিক্ষিত হতে হবে। মন্ত্রী গতকাল (রবিবার) মুন্সীগঞ্জ সদর উপজেলার বহিরনোয়া উচ্চ বিদ্যালয়ের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। বিদ্যালয়ের কার্যকরী কমিটির স্হ-সভাপতি ইঞ্জিনিয়ার সাইফুল ইসলাম বাবুর সভাপতিত্বে সভায় আরো বক্তব্য রাখেন ভূমিমন্ত্রী এম শামসুল ইসলাম, শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক, বঙ্গ প্রতিমন্ত্রী মিজানুর রহমান সিনহা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জাহিদুর রহমান, জেলা প্রশাসক সৈয়দ মুক্তাফীজুর রহমান, পুলিশ সুপার ইব্রাহীম ফাতেমী, প্রধান শিক্ষিকা জেরিনা বেগম, ছাত্রী শমী আক্তার।

সাইফুর রহমান বলেন, বর্তমান সরকার দেশকে খাসো স্বয়মসম্পূর্ণ করে অর্থনীতির ভিত্তি মজবুত করছে। মন্ত্রী বলেন, বিএনপি সরকারের নেয়া শিক্ষার বিনিময়ে বাদ্য কর্মসূচী দেশ-বিদেশে সুনাম কুড়িয়েছে। এর ফলে বিদ্যালয়গুলোতে ছাত্র-ছাত্রীর উপস্থিতি বৃদ্ধি পেয়েছে। ভূমিমন্ত্রী বলেন, শিক্ষা ব্যবস্থার এবং শিক্ষা ক্ষেত্রে উন্নতি ব্যতীত জাতীয় উন্নয়ন সম্ভব নয়।